



স্মারক নং-১২.০২.০০০০.০১২.৩৫.০০১-৩০২

তারিখঃ ১২ এপ্রিল, ২০২১

প্রেস রিলিজ


সাধারণত বছরের অন্যান্য সময়ের চেয়ে রমজান মাসে কয়েকটি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের চাহিদা তুলনামূলকভাবে বেশি থাকে। এ সুযোগে কিছু অসাধু ব্যবসায়ীকে প্রয়োজনীয় দ্রব্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে অতি মুনাফার চেষ্টা করতে দেখা যায়। এ বছর আসন্ন রমজানে সেই ধরনের সুযোগ বন্ধের লক্ষ্যে স্থানীয় ও আন্তর্জাতিক বাজার পর্যালোচনা, সংশ্লিষ্ট ব্যবসায়ী ব্যক্তিবর্গ এবং বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সাথে আলাপ আলোচনা করে রমজানে গুরুত্বপূর্ণ কয়েকটি দ্রব্যের বাৎসরিক চাহিদা, রমজানের চাহিদা, আমদানির পরিমাণ, আমদানি মূল্য, উৎপাদনের পরিমাণ, পাইকারী ও যৌক্তিক খুচরা মূল্যের ভিত্তিতে বর্তমান পরিস্থিতির উপর কৃষি বিপণন অধিদপ্তরের গবেষণা টীম একটি প্রতিবেদন প্রস্তুত করেছে; যা নিম্নরূপঃ

রমজান মাসে প্রয়োজনীয় কৃষি পণ্যের বাজারদরের বর্তমান পরিস্থিতি
প্রতিবেদন তৈরির সময়কাল: ১-১০ এপ্রিল, ২০২১খ্রিঃ

| পণ্যের নাম | সম্ভাব্য চাহিদা | | আমদানির পরিমাণ | আমদানি মূল্য | উৎপাদন লক্ষ্যমাত্রা (২০২০-২১) | বাজারদর (টাকা/কেজি) | |
|------------|------------------|------------------|---|--|-------------------------------|--|--|
| | বাৎসরিক | রমজান মাসে | | | | পাইকারী | যৌক্তিক খুচরা মূল্য |
| ছোলা | ২.১০ লক্ষ মে.টন | ০.৮০ লক্ষ মে. টন | ১.০১ লক্ষ মে.টন (জুলাই- মার্চ) ৩.১০ লক্ষ মে.টন (২০১৯-২০) | ৬৬০ মার্কিন ডলার/টন (৫৫ টাকা/কেজি) | ০.০৫ লক্ষ মে.টন | ৫৮-৬২/- | ৬৩-৬৭/- |
| পেঁয়াজ | ২৬.০০ লক্ষ মে.টন | ৩.০০ লক্ষ মে.টন | ৪.০৭ লক্ষ মে.টন (জুলাই-মার্চ) | ---- | ২৯.৫৫ লক্ষ মে.টন | ৩৫/- (সর্বোচ্চ) | ৪০/- (সর্বোচ্চ) |
| ভোজ্যতেল | ২০.০০ লক্ষ মে.টন | ২.০০ লক্ষ টন | ১৬.২৩ লক্ষ মে.টন (জুলাই-ফেব্রুয়ারি) | ১০৭১-১২৭৫ মার্কিন ডলার/ টন (১০৮ টাকা/লিটার) | ২.০০ লক্ষ মে.টন | ৬৪০/- (৫লিটার ক্যান) ১৩১/- (১লিটার ক্যান) (সয়াবিন) | ৬৬০/- (৫লিটার ক্যান) ১৩৯/- (১লিটার ক্যান) (সয়াবিন) |
| মসুর | ৫.০০ লক্ষ মে.টন | ০.৮০ লক্ষ মে. টন | ১.৮৩ লক্ষ মে.টন (জুলাই-মার্চ) | ৭৫০-৮৪০ মার্কিন ডলার/ টন (৭১ টাকা/কেজি)(উন্নত) ৪৭৭ মার্কিন ডলার/ টন (৪১টাকা/কেজি) (মোট) | ২.৬৬ লক্ষ মে.টন | ৯০-৯৫/- (উন্নত) ৬১-৬৫/- (মোট) | ৯৭-১০৩/- (উন্নত) ৬৭-৬৯/- (মোট) |
| চিনি | ১৮.০০ লক্ষ মে.টন | ১.৩৬ লক্ষ মে.টন | ১৩.২৩ লক্ষ মে.টন (জুলাই- ফেব্রু) ১৭.৯০ লক্ষ টন | ৩৩১-৩৫০ মার্কিন ডলার/টন (৩০ টাকা/কেজি) (অপরিশোধিত) | ০.৮২ লক্ষ মে. টন | ৬৩/- (পরিশোধিত) | ৬৭-৬৮/- |

| পণ্যের নাম | সম্ভাব্য চাহিদা | | আমদানির পরিমাণ (২০১৯-২০) | আমদানি মূল্য | উৎপাদন লক্ষ্যমাত্রা (২০২০-২১) | বাজারদর (টাকা/কেজি) | |
|------------|--------------------------|----------------------|----------------------------------|--|-------------------------------------|---|--|
| | বাৎসরিক | রমজান মাসে | | | | পাইকারী | যৌক্তিক খুচরা মূল্য |
| খেজুর | ৬০-৭২ হাজার মে. টন | ৪০-৫০ হাজার মে.টন | ০.৬২ লক্ষ মে.টন (জুলাই-মার্চ) | ৪০০-৫০০ মার্কিন ডলার/টন (সাধারণ) (৪৩ টাকা/ কেজি) ১০০০-১২০০ মার্কিন ডলার/টন (মধ্যম মান) (১০২ টাকা/ কেজি) | - | ৬০-৭০/- (সাধারণ মান) ১৫০-২০০/- (মধ্যম মান) | ৮০-১০০/- (সাধারণ মান) ২০০-২৫০/- (মধ্যম মান) |

বর্তমান বাজার পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায় যে, আসন্ন রমজানে বাজারে চাহিদা ও সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক থাকবে এবং অস্বাভাবিক দাম বৃদ্ধির কোন আশংকা নেই। ইতোমধ্যে বাণিজ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, কৃষি বিপণন অধিদপ্তর, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, এবং সিটি কর্পোরেশনের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত মনিটরিং টিম বাজার তদারকি অব্যাহত রেখেছে। এর পরেও কোন ব্যবসায়ী অসদুপায় বা অন্য কোন অজুহাতে দাম বাড়ানোর চেষ্টা করলে তাদের বিরুদ্ধে বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।


 (মোহাম্মদ ইউসুফ)
 মহাপরিচালক
 ফোনঃ ৫৫০২৮৪৫৫
 ই-মেইলঃ dg@dam.gov.bd

বিতরণঃ

- ১। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন/ চ্যানেল ২৪/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/ এনটিভি/মাছরাঙ্গা/সময় টিভি/ দীপ্ত টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/ বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সকালের খবর/ দৈনিক ভোরের কাগজ/.....।
- ২। সহকারী পরিচালক (আইসিটি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। সংশ্লিষ্ট নথি।